# সংযুক্তি-২ - বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪

২য় কোয়ার্টার

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নৈতিকতা কমিটি

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৫৫

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) এর অংশীজনের অংশগ্রহণে সভা প্রসঙ্গে।**

সূত্র: বিজিএফসিএল-এর স্মারক নম্বর : ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৫৪, তারিখ : ২৬ নভেম্বর ২০২৩

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা , ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার (অক্টোবর - ডিসেম্বর, ২০২৩) এর অংশীজন (Stakeholder) এর অংশগ্রহণে সভা-টি অনিবার্য কারণে ২৯ নভেম্বর ২০২৩ তারিখ এর পরিবর্তে আগামী ০৪ ডিসেম্বর ২০২৩ তারিখ. সোমবার, ১০:০০ ঘটিকায় অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম Zoom এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। সভার অন্যান্য তথ্য অপরিবর্তীত থাকবে।

অনিবার্য কারণে সভার তারিখ পরিবর্তন করায় আমরা আন্তরিকভাবে দুঃখিত। বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটি কর্তৃক আয়োজিতব্য উক্ত সভায় আপনার প্রতিষ্ঠান হতে নৈতিকতা কমিটি সংশ্লিষ্ট অন্ততঃ ১ (এক) জন সদস্য-কে অনলাইনে যথাসময়ে অংশগ্রহণের নির্দেশনা প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

২৮-১১-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, এনআইএস, ইএমআরডি;
২। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স;
৩। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল;
৪। ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল;
৫। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল;
৬। ব্যবস্থাপনা পরিচালক, জেজিটিডিএসএল;
৭। ব্যবস্থাপনা পরিচালক, বিজিডিসিএল;
৮। ব্যবস্থাপনা পরিচালক, কেজিডিসিএল;
৯। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিএল;
১০। ব্যবস্থাপনা পরিচালক, এসজিসিএল;
১১। ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল;
১২। ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল;
১৩। ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল এবং
১৪। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, এনআইএস, পেট্রোবাংলা।

**স্মারক নম্বর:**

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন) ও সভাপতি, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা;

২। যুগ্মসচিব (প্রশাসন-৩ অধিশাখা) ও বিকল্প ফোকাল পয়েন্ট, এনআইএস, ইএমআরডি;

৩। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;

৪। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;

৫। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিজিএফসিএল;

৬। উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল;

৭। উপ-মহাব্যবস্থাপক (বিল), বিজিএফসিএল;

৮। উপ-মহাব্যবস্থাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং), বিজিএফসিএল;

৯। উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), বিজিএফসিএল;

১০। উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), বিজিএফসিএল;

১১। উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) ও অনিক, বিজিএফসিএল এবং

১২। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আরটিআই, বিজিএফসিএল।

২৮-১১-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৫৪

বিষয়: **বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) এর অংশীজনের অংশগ্রহণে সভা প্রসঙ্গে।**

সূত্র: নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী, নম্বর : ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৫৩, তারিখ : ১৫ নভেম্বর ২০২৩

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা , ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার (অক্টোবর - ডিসেম্বর, ২০২৩) এর অন্তর্ভুক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন ( Stakeholder) এর অংশগ্রহণে একটি সভা আগামী ২৯ নভেম্বর ২০২৩ তারিখ. বুধবার, ১০:০০ ঘটিকায় অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম Zoom এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| Date & Time | : | November 29, 2023 at 10:00 Hrs. (BST) |
| Zoom Meeting ID | : | 793 048 6576 |
| Passcode | : | 123456 |

সভার আলোচ্যসূচি :

| | |
|---|---|
| ১। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময়। |
| ২। | সিটিজেন চার্টার (CC), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এবং তথ্য অধিকার ( RTI) বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময়। |
| ৩। | বিবিধ। |

বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটি কর্তৃক আয়োজিতব্য উক্ত সভায় আপনার প্রতিষ্ঠান হতে নৈতিকতা কমিটি সংশ্লিষ্ট অন্ততঃ ১ (এক) জন সদস্য-কে অনলাইনে যথাসময়ে অংশগ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২৬-১১-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, এনআইএস, ইএমআরডি;
২। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স;
৩। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল;
৪। ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল;
৫। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল;
৬। ব্যবস্থাপনা পরিচালক, জেজিটিডিএসএল;
৭। ব্যবস্থাপনা পরিচালক, বিজিডিসিএল;

৮। ব্যবস্থাপনা পরিচালক, কেজিডিসিএল;
৯। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিএল;
১০। ব্যবস্থাপনা পরিচালক, এসজিসিএল;
১১। ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল;
১২। ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল;
১৩। ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল এবং
১৪। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, এনআইএস, পেট্রোবাংলা।

**স্মারক নম্বর:**

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ / ২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন) ও সভাপতি, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা;
২। যুগ্মসচিব (প্রশাসন-৩ অধিশাখা) ও বিকল্প ফোকাল পয়েন্ট, এনআইএস, ইএমআরডি;
৩। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
৪। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
৫। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিজিএফসিএল;
৬। উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল;
৭। উপ-মহাব্যবস্থাপক (বিল), বিজিএফসিএল;
৮। উপ-মহাব্যবস্থাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং), বিজিএফসিএল;
৯। উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), বিজিএফসিএল;
১০। উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), বিজিএফসিএল;
১১। উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) ও অনিক, বিজিএফসিএল এবং
১২। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আরটিআই, বিজিএফসিএল।

২৬-১১-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

**বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার-এর অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সুলতান<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | ০৪ ডিসেম্বর ২০২৩ |
| সভার সময় | ১০:০০ ঘটিকা। |
| স্থান | অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম Zoom |
| উপস্থিতি | রেকর্ডেড (Screenshot সংযুক্ত)। |

গত ০৪ ডিসেম্বর ২০২৩ তারিখ সোমবার ১০.০০ ঘটিকায় বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর)-এর অংশীজন (Stakeholder) এর অংশগ্রহণে সভা কমিটির সভাপতি জনাব মোঃ আবদুস সুলতান, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম Zoom এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।

সভায় বিজিএফসিএল এর অংশঅজন হিসেবে পেট্রোবাংলার অধিনস্ত কোম্পানির প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়া উক্ত সভায় বিজিএফসিএল এর মহাব্যবস্থাপকগণ, সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপকগণ এবং বিজিএফসিএল এর APA, RTI, GRS এবং সিটিজেন চার্টার এর ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্টগণ অংশগগ্রহণ করেন। বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (APA) ও জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন নির্দেশিকার আলোকে সভায় শুদ্ধাচার কৌশল ছাড়াও সিটিজেন চার্টার (CC), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এবং তথ্য অধিকার (RTI) বিষয়ে আলোচনা করা হয়।

সভাপতি অনলাইন কনফারেন্সে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কোম্পানির ২০২৩-২০২৪ অর্থ-বছরের শুদ্ধাচার কৌশল বিষয়ক কর্মপরিকল্পনাসহ সংশ্লিষ্ট বিষয়াবলীর উপস্থাপন এবং সভা পরিচালনার জন্য কোম্পানির নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব আবদুর রাজ্জাক খান, উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স)-কে অনুরোধ করেন।

সভাপতির অনুমতিক্রমে বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট অংশগ্রহণকারী সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে ২০২৩-২০২৪ অর্থ-বছরের ২য় কোয়ার্টার এর শুদ্ধাচার কৌশল বিষয়ক কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন এবং এর উপর সকলের সুচিন্তিত মতামত/পরামর্শ কামনা করেন।

**ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিজিএফসিএল :**
বিজিএফসিএল এর সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট, জনাব মোঃ আমান উল্লাহ বাহার, উপমহাব্যবস্থাপক(আইসিটি) জানান গাইড লাইন অনুযায়ী সিটিজেন চার্টার বিষয়ক কার্যক্রম অব্যাহত আছে। সেবা বিষয়ে কোন পরিবর্তন আসলে কমিটি কর্তৃক ৩ মাস অন্তর তা হালনাগাদ করা হচ্ছে এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তাবায়নপূর্বক প্রমাণকসহ নিয়মিত প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ করা হচ্ছে।

**ফোকাল পয়েন্ট, জিআরএস, বিজিএফসিএল :**
বিজিএফসিএল এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ক ফোকাল পয়েন্ট তথা অভিযোগ নিস্পন্নকারী কর্মকর্তা (অনিক) জনাব মোহাম্মদ মনিরুজ্জামান খান, উপমহাব্যবস্থাপক(বোর্ড) জানান, বর্তমান কোয়ার্টারে কোন অভিযোগ জমা পরেনি। তিনি আরো জানান, GRS সংক্রান্ত মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদনগুলো নিয়মিত পেট্রোবাংলায় প্রেরণ করা

হচ্ছে। তিনি GRS সফটওয়্যার নিয়েও কথা বলেন এবং কোম্পানির সেবা নিয়ে কোন অভিযোগ থাকলে তা জানানোর জন্য সকলের প্রতি আহবান জানান।

**বিকল্প ফোকাল পয়েন্ট, আরটিআই, বিজিএফসিএল :**
বিজিএফসিএল এর তথ্য অধিকার (RTI) এর বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ জোয়াদ আলী, উপমহাব্যবস্থাপক(স্থানীয় সংগ্রহ) জানান, স্বপ্রনোদিতভাবে তথ্য অধিকার সংক্রান্ত হালনাগাদ প্রকাশযোগ্য তথ্য কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়া তিনি তথ্য অধিকার আইন বিষয়ে আলোচনা করেন। তিনি কোন তথ্যের প্রয়োজনে তথ্য অধিকার আইন অনযায়ী আবেদন করার জন্য সকলের প্রতি আহবান জানান।

**অংশীজন :**
সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড (এসজিএফএল) এর শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট বিজিএফসিএল এবং এসজিএফএল-এর মধ্যে আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক রয়েছে মর্মে সভায় উল্লেখ করেন। তিনি বলেন, এ দুই কোম্পানির মধ্যে পারস্পরিক যোগাযোগ, তথ্য আদান-প্রদান ও সহযোগিতা বিদ্যমান থাকায় উভয় কোম্পানি উপকৃত হচ্ছে। তিনি বলেন বিজিএফএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বিষয়ক কর্মপরিকল্পনা যথাযথ হয়েছে এবং এটির শতভাগ বাস্তবায়নে নৈতিকতা কমিটি সফল হবে বলে আশাবাদী। জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)) এর শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট বিজিএফসিএল এবং জেজিটিডিএসএল-এর মধ্যকার আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের বিষয়টি উল্লেখ করেন এবং নৈতিকতা কমিটির সফলতা কামনা করেন। এরপর পর্যায়ক্রমে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল), মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল), তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল), কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিটিসিএল) এবং গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) এর প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন। পেট্রোবাংলার কোম্পানিসমূহ পারস্পরিক সহযোগিতা ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের মাধ্যমে শুদ্ধাচার কার্যক্রমকে আরো গতিশীল করবে, আলোচনায় সকলে এই প্রত্যয় ব্যক্ত করেন এবং বিজিএফসিএল এর অংশীজন (Stakeholder) এর অংশগ্রহণে সভার সফলতা কামনা করেন।

**সভাপতি সমাপনী বক্তব্য :**
সভাপতি পেট্রোবাংলা ও আওতাধীন কোম্পানিসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রতিনিধিদেরকে ধৈর্য্য ধরে সংযুক্ত থাকার জন্যধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং তাদের সুচিন্তিত মতামত/পরামর্শ বিজিএফসিএল-এর শুদ্ধাচার কার্যক্রমকে আরো সমৃদ্ধ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। পরিশেষে সভাপতি সকলকে আবারো আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪-১২-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৫৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;

২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, পেট্রোবাংলা;


৩। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিজিএফসিএল;


৪। উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি, বিজিএফসিএল;

৫। উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) ও ফোকাল পয়েন্ট, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, বিজিএফসিএল এবং

৬। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ) ও বিকল্প ফোকাল পয়েন্ট, তথ্য অধিকার, বিজিএফসিএল।

১৪-১২-২০২৩
আবদুর রাজ্জাক খান
উপ-মহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা
কমিটি, বিজিএফসিএল।


Zoom Meeting
M (PRS), BGFCL
Md. Mahabubur...
MD, BGFCL
Muhammad Jua...
ABDULLAH AL...
Uttam Kumar Sa...
Mir Mohammed...
Engr. Rajib Bhat...
Md.Rafiqul Isla...
DGM(Civil Engg...


Zoom Meeting
M (PRS), BGFCL
GET GENUINE OFFICE
Type here to search


Zoom Meeting
M (PRS), BGFCL
Muhammad Jua...
Galaxy A30s
বাংলাদেশ গ্যাস ফিল্ডস্
শুদ্ধাচার কৌশল
অংশীজনের
তারিখ:
Unmute
Start Video
Share Screen
Summary
AI Companion
Apps
Whiteboards
Notes
More
Leave
Type here to search

৪র্থ কোয়ার্টার

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নৈতিকতা কমিটি

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.১৫

বিষয়: **বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল - জুন, ২০২৪) এর অংশীজনের অংশগ্রহণে সভা প্রসঙ্গে।**

সূত্র: নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী, নম্বর : ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.১২, তারিখ : ১৯ এপ্রিল ২০২৪

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৪) এর অন্তর্ভুক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (Stakeholder) এর অংশগ্রহণে একটি সভা আগামী ২০ মে ২০২৪ তারিখ সোমবার, ১৪:৩০ ঘটিকায় হাইব্রিড মোডে অর্থাৎ অফলাইনে প্রধান কার্যালয়স্থ মিটিং রুমে এবং অনলাইনে ভিডিও কনফারেন্স প্লাটফর্ম Zoom এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।

**সভার আলোচ্যসূচি :**

| | |
|---|---|
| ১। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময়। |
| ২। | সিটিজেন চার্টার (CC), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এবং তথ্য অধিকার (RTI) বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময়। |

উক্ত সভায় অনলাইনে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| Date & Time | : | May 20, 2024 at 14:30 Hrs. (BST) |
| Zoom Meeting ID | : | 793 048 6576 |
| Passcode | : | 123456 |

বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটি কর্তৃক আয়োজিতব্য উক্ত সভায় আপনার প্রতিষ্ঠান হতে অন্ততঃ ১ (এক) জন প্রতিনিধি-কে অফলাইনে/অনলাইনে যথাসময়ে অংশগ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৯-০৫-২০২৪
প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, এনআইএস, ইএমআরডি;
২। ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল;
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স;
৪। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল;
৫। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল;
৬। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিএল;
৭। ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল;
৮। ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল;

৯। ব্যবস্থাপনা পরিচালক, এসজিসিএল;

১০। ব্যবস্থাপনা পরিচালক, কেজিডিসিএল;

১১। ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল;

১২। ব্যবস্থাপনা পরিচালক, জেজিটিডিএসএল;

১৩। ব্যবস্থাপনা পরিচালক, বিজিডিসিএল এবং

১৪। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, এনআইএস, পেট্রোবাংলা।

**স্মারক নম্বর:**

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন) ও সভাপতি, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা;

২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;

৩। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;

৪। উপমহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিজিএফসিএল;

৫। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) ও ফোকাল পয়েন্ট, আরটিআই, বিজিএফসিএল [সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগীগণ-কে সভায় অনলাইন/অফলাইনে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো];

৬। উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল;

৭। উপ-মহাব্যবস্থাপক (বিল), বিজিএফসিএল;

৮। উপমহাব্যবস্থাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং), বিজিএফসিএল [সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগীগণ-কে সভায় অনলাইন/অফলাইনে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো];

৯। উপমহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), বিজিএফসিএল [সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগীগণ-কে সভায় অনলাইন/অফলাইনে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো];

১০। উপমহাব্যবস্থাপক (বোর্ড) ও অনিক, বিজিএফসিএল এবং

১১। উপমহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), বিজিএফসিএল [সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগীগণ-কে সভায় অনলাইন/অফলাইনে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো]।

১৯-০৫-২০২৪
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক (ইএমটি) ও ফোকাল পয়েন্ট,
এনআইএস, বিজিএফসিএল

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

**বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৪)-এর অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি |
| সভার তারিখ | ২০ মে ২০২৪ |
| সভার সময় | ১৪:৩০ ঘটিকা। |
| স্থান | হাইব্রিড মোড (অফলাইনে প্রধান কার্যালয়স্থ মিটিং রুম এবং অনলাইনে ভিডিও কনফারেন্স প্লাটফর্ম Zoom |
| উপস্থিতি | রেকর্ডেড (উপস্থিতির তালিকা ও Screenshot সংযুক্ত)। |

গত ২০ মে ২০২৪ তারিখ সোমবার ১৪.৩০ ঘটিকায় বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন)-এর অন্তর্ভূক্ত অংশীজন (Stakeholder) এর অংশগ্রহণে সভা কমিটির সভাপতি প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে প্রধান কার্যালয়স্থ মিটিং রুম এবং অনলাইনে ভিডিও কনফারেন্স প্লাটফর্ম Zoom এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে এবং অনলাইনে ভিডিও কনফারেন্স প্লাটফর্ম Zoom-এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভায় পেট্রোবাংলার মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও পেট্রোবাংলার শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট প্রকৌশলী বিশ্বজিত সাহা মহোদয়সহ পেট্রোবাংলার অধিনস্ত কোম্পানির প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। বিজিএফসিএল-এর অংশীজন (Stakeholders) হিসেবে উন্নয়ন সহযোগীবৃন্দ উক্ত সভায় অংশগ্রহণ করেন। এছাড়া উক্ত সভায় বিজিএফসিএল এর মহাব্যবস্থাপকগণ, সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপকগণ এবং বিজিএফসিএল এর বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (APA), সিটিজেন চার্টার (CC), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও তথ্য অধিকার (RTI) এর ফোকাল পয়েন্টগণ অংশগ্রহণ করেন। বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি ( APA) ও জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন নির্দেশিকার আলোকে সভায় শুদ্ধাচার ছাড়াও সিটিজেন চার্টার ( CC), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও তথ্য অধিকার আইন (RTI) বিষয়ে আলোচনা করা হয়।

**সভাপতির স্বাগত বক্তব্য :**
সভার শুরুতে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির সভাপতি প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক স্বাগত বক্তব্য প্রদান করেন। তিনি সরকার কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়নের প্রেক্ষাপট এবং এর লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোকপাত করেন এবং এতদসংক্রান্তে গৃহীত কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন বিষয়ে উপস্থিত সকলের সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রত্যাশা করেন। তিনি বলেন, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে মন্ত্রীসভার বৈঠকে অনুমোদিত হয়, যার মূল লক্ষ্য হচ্ছে শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রণীত কৌশলে শুদ্ধাচারকে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ এবং কোন সমাজের কালোত্তীর্ণ মানদন্ড, প্রথা ও নীতির প্রতি আনুগত্য হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন। বর্তমানে সকল রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে এই শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রম চলমান রয়েছে এবং এই পরিকল্পনায় কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হয়। তিনি আরো বলেন, শুদ্ধাচার চর্চার মাধ্যমে যাতে কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা আসে সে লক্ষ্যে সবাইকে কাজ করতে হবে এবং এর ফলে একদিকে যেমন প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠা হবে পাশাপাশি একটি সুখী সমৃদ্ধ সমাজ গঠিত হবে।

সভাপতির স্বাগত বক্তব্য শেষে সভাপতির অনুমতিক্রমে বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও NIS ফোকাল পয়েন্ট ২০২৩-২০২৪ অর্থ-বছরের ৪র্থ কোয়ার্টার এর কার্যক্রম সভায় উপস্থাপন করেন এবং এর উপর সকলের সুচিন্তিত মতামত/পরামর্শ কামনা করেন।

এ পর্যায়ে তিনি পর্যায়ক্রমে সিটিজেন চার্টার (CC), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও তথ্য অধিকার (RTI) বিষয়ে আলোচনা করার জন্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্টগণ-কে অনুরোধ করেন।

**ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিজিএফসিএল :**
বিজিএফসিএল এর সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ আমান উল্লাহ বাহার, উপমহাব্যবস্থাপক (আইসিটি) বলেন, কোম্পানির উন্নয়ন তথা দেশের উন্নয়নে আমরা কাজ করে থাকি। উন্নয়নের পূর্বশর্ত সুশাসন আর এই সুশাসনেরই একটি টুলস হলো সিটিজেন চার্টার। কোম্পানির কোন দপ্তরে আমরা কি কাজ করছি, নির্দিষ্ট কাজটির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবিসহ প্রধান কার্যালয়ের সম্মুখে সিটিজেন চার্টার বিষয়ক একটি সাইনবোর্ড স্থাপন করা হয়েছে। অংশীজনদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা সেবা গ্রহণের ক্ষেত্রে সুনির্দিষ্ট বিভাগ/দপ্তরে যোগাযোগ করতে পারবেন।

**দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট, জিআরএস, বিজিএফসিএল :**
বিজিএফসিএল এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট তথা অভিযোগ নিস্পন্নকারী কর্মকর্তা (অনিক) জনাব মোঃ মনিরুজ্জামান খান, উপমহাব্যবস্থাপক (বোর্ড) পবিত্র হজ পালনের উদ্দেশ্যে যাওয়ায় দায়িত্বপ্রাপ্ত অভিযোগ নিস্পন্নকারী কর্মকর্তা (অনিক) জনাব মোঃ শরীফুল ইসলাম, ব্যবস্থাপক (এলভিএমটি) GRS বিষয়ে আলোচনা করেন। তিনি জানান, বর্তমান কোয়ার্টারে অদ্যাবধি ২টি অভিযোগ জমা পরেছে, যা বরাবরের মতো নির্দিষ্ট সময়ের মধ্যেই সমাধান করা হবে। তিনি অংশীজনদের উদ্দেশ্যে বলেন, আমাদের প্রধান কার্যালয় ভবনের এন্ট্রি গেটে একটি অভিযোগ বক্স স্থাপন করা আছে, যেখানে আপনাদের যে কোন অভিযোগ দাখিল করতে পারবেন। এছাড়া, বিজিএফসিএল এর ওয়েবসাইট ভিজিট করে অনলাইনেও আপনাদের যে কোন অভিযোগ দাখিল করতে পারবেন।

**ফোকাল পয়েন্ট, আরটিআই, বিজিএফসিএল :**
বিজিএফসিএল এর তথ্য অধিকার (RTI) এর ফোকাল পয়েন্ট জনাব এম, কে, মাসুক, উপমহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) জানান, স্বপ্রনোদিতভাবে তথ্য অধিকার সংক্রান্ত হালনাগাদ প্রকাশযোগ্য তথ্য কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তিনি তথ্য অধিকার আইন বিষয়ে আলোচনা করেন। এছাড়া তিনি বলেন তথ্য অধিকার আইনে কেউ তথ্যের জন্য আবেদন করলে তাকে নির্দিষ্ট সময়ে তথ্য সরবরাহ করা হয়। বর্তমান কোয়ার্টারে তথ্য চেয়ে কেউ আবেদন করেনি। তিনি কোন তথ্যের প্রয়োজনে তথ্য অধিকার আইন অনযায়ী আবেদন করার জন্য সকলের প্রতি আহবান জানান।

**অংশীজন :** বিজিএফসিএল এর অংশীজন (Stakeholders) হিসেবে মিটিং রুমে কয়েকটি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি উপস্থিত থেকে তাদের নিম্নরূপ মতামত ব্যক্ত করেন :

**১। মেসার্স তানুরা এন্টারপ্রাইজ, প্রোঃ মোহাম্মদ আলী, ঠিকাদার** : আলোচনায় অংশ নিয়ে মেসার্স তানুরা এন্টারপ্রাইজ এর প্রোপ্রাইটর জনাব মোহাম্মদ আলী বলেন, বর্তমানে বিজিএফসিএল এর প্রধান কার্যালয়ের সামনের মহাসড়কের কাজ চলমান থাকায় অনেক জায়গায় রাস্তা-ঘাট ভেঙ্গে গেছে এবং মাঝে মধ্যে যানজটে পড়তে হয়। এসব কারণে ভাড়া মাইক্রো দ্বারা কর্মকর্তাদের অফিসে আনা-নেওয়ার ক্ষেত্রে অনেক সময় সঠিক টাইম মেইনটেইন করা যায় না। এ বিষয়টি সদয় বিবেচনার জন্য তিনি অনুরোধ করেন। এছাড়া তিনি এখানে কাজ করতে কোন সমস্যায় পড়েন নাই বলে উল্লেখ করেন।

**২। মেসার্স মায়ের দোয়া এন্টারপ্রাইজ, প্রোঃ মোশারফ হোসেন, ঠিকাদার ও সাপ্লায়ার** : মেসার্স মায়ের দোয়া এন্টারপ্রাইজ এর প্রোপ্রাইটর জনাব মোশারফ হোসেন বলেন তিনি প্রায় ২০/২৫ বছর ধরে বিজিএফসিএল-এ ঠিকাদারি কাজের সাতে জড়িত। তিনি এ রকম ভালো প্রতিষ্ঠানের সাথে কাজ করতে পেরে অত্যন্ত গর্বিত। তিনি বলেন, সাম্প্রতিক সময়ে কাজের বিল পেতে কিছুটা বিলম্ব হচ্ছে। জনাব মোশারফ সময়মতো বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

**৩। মেসার্স ঈশাণ এন্টারপ্রাইজ, প্রোঃ রাজু সরকার, ঠিকাদার** : মেসার্স ঈশাণ এন্টারপ্রাইজ এর প্রোপ্রাইটর জনাব রাজু সরকার আলোচনায় অংশ নিয়ে বলেন, কার্যাদেশ এর বিপরীতে বিজিএফসিএল এ কাজের প্রয়োজনে মালামাল প্রবেশ করাতে গেলে অথবা অব্যবহৃত মালামাল ফেরত নেয়ার সময় নিরাপত্তা কর্মীরা সহজে রেসপন্স করে না। এ বিষয়টির সমাধানসহ তিনি সরবরাহকৃত মালামালের বিল দ্রুত পরিশোধের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।

**৪। মেসার্স মামুন এন্টারপ্রাইজ, প্রোঃ কাজী হাবিবুল্লাহ আল মামুন, ঠিকাদার :** মেসার্স মামুন এন্টারপ্রাইজ এর প্রোপ্রাইটর জনাব কাজী হাবিবুল্লাহ আল মামুন বলেন, বিজিএফসিএল একটি ব্যতিক্রমী প্রতিষ্ঠান, সকলের সহযোগিতায় তিনি দীর্ঘদিন যাবৎ সুনামের সাথে এখানে কাজ করে যাচ্ছেন। এ প্রতিষ্ঠানে ঠিকাদারি কাজ করে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন, বিজিএফসিএল কোন প্রকার কাজের প্রয়োজনে Outsourcing করে না। তিনি বলেন Outsourcing করলে প্রতিষ্ঠানের সাথে সাথে ঠিকাদারি প্রতিষ্ঠানগুলোও লাভবান হয়। এই জন্য তিনি বিজিএফসিএল-কে Outsourcing করার বিষয়টি ভেবে দেখার পরামর্শ প্রদান করেন।

**৫। মেসার্স পদ্মা ট্রেডার্স, প্রোঃ মোঃ মেসবাহুর রহমান ভূইয়া, সাপ্লায়ার** : মেসার্স পদ্মা ট্রেডার্স এর প্রোপ্রাইটর জনাব মোঃ মেসবাহুর রহমান ভূইয়া বলেন, তিনি দীর্ঘদিন যাবৎ সুনামের সাথে এ কোম্পানিতে কাজ করে যাচ্ছেন। এ প্রতিষ্ঠানে ঠিকাদারি কাজ করে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন। এ প্রতিষ্ঠানে মালামাল সরবরাহ করতে তার কখনো কোন সমস্যায় পরতে হয়নি।

**৬। মেসার্স তারেক এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ তারেক ভূইয়া, ঠিকাদার** : মেসার্স তারেক এন্টারপ্রাইজ এর প্রোপ্রাইটর জনাব মোঃ তারেক ভূইয়া বলেন, সাম্প্রতিক সময়ে তিনি বিজিএফসিএল এ মালামাল সরবরাহ করছেন। তার কোন সমস্যা হচ্ছে না। তিনি সকলের সকলের পরামর্শ ও সহযোগিতা কামনা করেন।

**৭। মেসার্স সাওয়াল ট্রেডার্স, প্রোঃ মোঃ সাওয়াল উদ্দিন, সাপ্লায়ার** : মেসার্স পদ্মা ট্রেডার্স এর প্রোপ্রাইটর জনাব মোঃ সাওয়াল উদ্দিন বলেন, এ প্রতিষ্ঠানে মালামাল সরবরাহ করতে বর্তমানে তার কোন সমস্যা হচ্ছে না।

**৮। মেসার্স ইউনাইটেড বিল্ডার্স, প্রোঃ মোঃ মোঃ মমিন মিয়া, ঠিকাদার** : মেসার্স ইউনাইটেড বিল্ডার্স এর প্রোপ্রাইটর জনাব মোঃ মোঃ মমিন মিয়া বলেন, তিনি বিজিএফসিএল এর সাথে দীর্ঘদিন ধরে কাজ করছেন। এ কোম্পানির ভিতরে কাজের পরিবেশ অত্যন্ত ভালো, আমরা কাজ করতে অনেক সুবিধা পাই এবং এখানে অলিখিত কোন কমিশন দিতে হয় না। তিনি বলেন, টেন্ডার প্রক্রিয়াটা সময় সাপেক্ষ, Mobilization Bill System নাই, Recast & Revise নাই, ১০% জমা রাখার সময় কমিয়ে আনা যায় কিনা।

**৯। মেসার্স শফিকুল ইসলাম, প্রোঃ মোঃ শফিকুল ইসলাম, ঠিকাদার** : মেসার্স শফিকুল ইসলাম এর প্রোপ্রাইটর জনাব মোঃ শফিকুল ইসলাম বলেন, তিনি মাঝারি বাজেটের কাজ করে থাকেন। ঠিকাদারী কাজের সাথে সংশ্লিষ্ট মালামালের মূল্য অত্যধিক বৃদ্ধি পাওয়ায় মাঝারি বাজেটের কাজ করা ঠিকাদার এর জন্য নিরাপত্তা জামানত কমানোর বিষয়টি বিবেচনা করার নিমিত্ত অনুরোধ করেন।

**১০। National Marine Consultants Inc.(NMCI)** : আমন্ত্রিত অংশীজন হিসেবে বিজিএফসিএল-এর প্রি-শিপমেন্ট এজেন্ট National Marine Consultants Inc.(NMCI) এর প্রতিনিধি অনলাইনে সংযুক্ত থেকে আলোচনায় অংশগ্রহণ করেন। তিনি তাদের প্রতিষ্ঠানের প্রতি বিজিএফসিএল এর সেবার মান ও স্বচ্ছতার অত্যন্ত প্রশংসা করেন।

পেট্রোবাংলার মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও NIS ফোকাল পয়েন্ট মহোদয় বিশেষ কাজে ব্যস্ত থাকায় সভায় অংশগ্রহণ করতে পারেন না। এজন্য তিনি আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেন এবং সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সফলতা কামনা করেন। তবে পেট্রোবাংলার কয়েকটি প্রতিষ্ঠানের প্রতিনিধি অনলাইনে সংযুক্ত থেকে তাদের নিম্নরূপ মতামত ব্যক্ত করেন :

সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড (এসজিএফএল) এর শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ হেলাল উদ্দিন, ব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) জানান, বিজিএফসিএল এবং এসজিএফএল উভয়ই গ্যাস উৎপাদন কোম্পানি যারা দেশের গ্যাস চাহিদার বড় অংশ পূরণ করে থাকে। তিনি বিজিএফএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনার প্রশংসা করেন এবং এটির শতভাগ বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করেন। জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) এর শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ রফিকুল ইসলাম, উপমহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) জানান, বিজিএফসিএল এবং জেজিটিডিএসএল-এর মধ্যকার আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের বিষয়টি উল্লেখ করেন এবং বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির সফলতা কামনা করেন। রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর ফোকাল পয়েন্ট জনাব মোঃ বুরহানুদ্দিন, উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ) জানান, বিজিএফসিএল এর সাথে তাদের পারস্পরিক সহযোতির মান সন্তোষজনক। বিজিএফসিএল এর অংশীজন (Stakeholder) এর সভার আরপিজিসিএল-কে আমন্তণ জানানোয় তিনি বিজিএফসিএল-কে ধন্যবাদ জানান। এছাড়া পেট্রোবাংলা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিঃ (এমজিএমসিএল), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিঃ (পিজিসিএল), সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর প্রতিনিধি সভায় অনলাইনে যুক্ত থাকেন। তারা আলোচনায় অংশগ্রহণ করেন এবং পেট্রোবাংলার কোম্পানিসমূহ পারস্পরিক সহযোগিতা ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের মাধ্যমে শুদ্ধাচার কার্যক্রমকে আরো গতিশীল করার প্রত্যয় ব্যক্ত করেন।

**মহাব্যবস্থাপক (প্রশাসন), বিজিএফসিএল :**
বিজিএফসিএল এর মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয় বলেন, বিজিএফসিএল সর্বোত্তম সহযোগিতার মনোভাব নিয়ে কাজ করে থাকে। KPI-ভুক্ত প্রতিষ্ঠান হওয়ায় আমাদেরকে কিছু নিয়ম মেনে কাজ করতে হয়। অতীতে নিরাপত্তা বা অন্য কোন বিষয়ে নিয়ে যদি সমস্যা হয়ে থাকে আগামীতে সব ধরনের সহযোগিতার প্রত্যয় ব্যক্ত করেন।

**মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বিজিএফসিএল :**
বিজিএফসিএল এর মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) মহোদয় বলেন, বিজিএফসিএল উন্নয়ন সহযোগীদের বিল যথাসময়ে পরিশোধের চেষ্টা করে থাকে। তারপরও বিল পরিশোধের ক্ষেত্রে আজকের সভায় যে বিষয়সমূহ উঠে এসেছে তা সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখা হবে। তিনি পেট্রোবাংলা ও অধিনস্ত কোম্পানিসমূহের দৃষ্টি আকর্ষন করে বলেন, বিজিএফসিএল এর আয়ের একমাত্র উৎস হচ্ছে গ্যাস ও কনডেনসেট বিক্রি থেকে প্রাপ্ত অর্থ। গ্যাস ও কনডেনসেট বিক্রি থেকে প্রাপ্ত অর্থ সঠিক সময়ে না পেলে বিজিএফসিএল এর Fund Management-এ সমস্যা হয়। তিনি আরো উল্লেখ করেন, গ্যাস বিলের অর্থ আমরা পাই বা না পাই NBR-কে নির্দিষ্ট সময়ে VAT-এর অর্থ পরিশোধ করতে হয়। এজন্য তিনি পেট্রোবাংলার যে সকল কোম্পানির নিকট বিজিএফসিএল এর পাওনা বকেয়া রয়েছে, তাদের কাছ থেকে গ্যাস বিলের বকেয়া পাওনা আদায়ের বিষয়ে সহযোগিতা প্রত্যাশা করেন।

**সভাপতির সমাপনী বক্তব্য :**
সভায় উপস্থিত অংশীজনের সুচিন্তিত মতামত/পরামর্শ সংশ্লিষ্ট সকলে গুরুত্বের সাথে বিবেচনায় নিবে বলে সভাপতি আশা প্রকাশ করেন।

তিনি অংশীজনদের দাবির বিষয়ে বলেন, সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে কথা বলে পিপিআর, আইন, বিধি-বিধান এর আলোকে সকলের জন্য যেটা ভাল হয়, সেটা করার চেষ্টা করবেন। তিনি আরো বলেন, বিজিএফসিএল এ পিপিআর অনুযায়ী ট্রেন্ডার কার্যক্রম পরিচালিত হয় এবং আপনারা সকলেই অংশগ্রহণ করতে পারেন। আপনারা যারা প্রতিযোগিতায় অংশ নিয়ে বিজিএফসিএল এ ঠিকাদারী কাজ করছেন তারা কাজের গুণগত মান ঠিক রেখে যথাযথ সময়ে কাজগুলো সমাপ্ত করবেন এটা আমাদের প্রত্যাশা। আর কাজ করতে গিয়ে কোন সমস্যা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/বিভাগ অথবা প্রয়োজনে উর্দ্ধতন কর্মকর্তার সাথে যোগাযোগ করার অনুরোধ করেন। বিজিএফসিএল এর কর্মকর্তা ও কর্মচারী এবং অংশীজনদের সম্মিলিত প্রয়াসে শুদ্ধাচার চর্চার মাধ্যমে উন্নয়ন উত্তরোত্তর বৃদ্ধি পাবে বলে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। পরিশেষে সভাপতি সকলকে সভায় উপস্থিতির জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯-০৬-২০২৪
প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি

তারিখ: ৫ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;

২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, পেট্রোবাংলা;

৩। উপমহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিজিএফসিএল;

৪। উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), বৈদেশিক সংগ্রহ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;

৫। উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি, বিজিএফসিএল এবং

৬। ব্যবস্থাপক (এলভিএমটি) ও দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, বিজিএফসিএল।

১৯-০৬-২০২৪
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Attendance Sheet

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

**প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।**

## অংশীজন (Stakeholders) এর অংশগ্রহণে সভায় উপস্থিতির বিবরণী


আয়োজনে : নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

স্থান : মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল। তারিখ : ২০ মে, ২০২৪

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক ও<br>সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ২। | জনাব মোঃ আজমল হক<br>মহাব্যবস্থাপক (মেইনটেন্যান্স এন্ড আইসিটি), বিজিএফসিএল। | |
| ৩। | জনাব মোঃ হাবীবুর রহমান<br>মহাব্যবস্থাপক (প্রশাসন), বিজিএফসিএল। | |
| ৪। | জনাব আজিজ আহমাদ<br>মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বিজিএফসিএল। | |
| ৫। | জনাব মোঃ আশরাফুল আলম<br>মহাব্যবস্থাপক (অপারেশন), বিজিএফসিএল। | |
| ৬। | জনাব মোঃ মোজাহার আলী<br>কোম্পানি সচিব/মহাব্যবস্থাপক, বিজিএফসিএল। | |
| ৭। | জনাব মোঃ আমান উল্লাহ বাহার<br>উপমহাব্যবস্থাপক (আইসিটি) ও<br>ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিজিএফসিএল। | |
| ৮। | জনাব এম, কে, মাসুক<br>উপমহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) এবং<br>সদস্য, নৈতিকতা কমিটি ও<br>ফোকাল পয়েন্ট, আরটিআই, বিজিএফসিএল। | |
| ৯। | জনাব মীর মোঃ আশরাফুল ইসলাম<br>উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও<br>ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল। | |
| ১০। | জনাব আবদুর রাজ্জাক খান<br>উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও<br>ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, বিজিএফসিএল। | 20.05.2024 |
| ১১। | জনাব দাস পূর্ণেন্দু কুমার<br>উপমহাব্যবস্থাপক (বিল), বিজিএফসিএল। | 20/05/24 |
| ১২। | জনাব মোঃ মাহবুবুর রহমান খান<br>উপমহাব্যবস্থাপক (পুরকৌশল), বিজিএফসিএল। | |

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১৩। | জনাব মোহাম্মদ জোয়াদ আলী<br>উপমহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), বিজিএফসিএল। | 20/05/24 |
| ১৪। | জনাব মোহাম্মদ মনিরুজ্জামান<br>উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা), বিজিএফসিএল। | 20/05/24 |
| ১৫। | জনাব মহম্মদ শামসুল আলম বিশ্বাস<br>উপমহাব্যবস্থাপক (সংস্থাপন), বিজিএফসিএল। | 20.05.2024 |
| ১৬। | জনাব মোঃ শরিফুল ইসলাম<br>ব্যবস্থাপক (এলভিএমটি) ও অনিক (দায়িত্বপ্রাপ্ত), বিজিএফসিএল। | 20.05.2024 |
| ১৭। | জনাব মোঃ আরিফুর রহমান<br>ব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), বিজিএফসিএল। | 20.05.24 |
| ১৮। | জনাব মোহাম্মদ মোস্তফা কামাল<br>ব্যবস্থাপক (পার্সোনেল) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 20/05/2024 |
| ১৯। | জনাব মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 20.5.24 |
| ২০। | জনাব মোঃ আসাদুজ্জামান<br>ব্যবস্থাপক (এসডি এন্ড ভ্যাট) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 20.05.2024 |
| ২১। | জনাব মোঃ তানবীর আহামেদ সিদ্দীকি<br>উপব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) | 20.05.2024 |

| ক্রমিক নং | নাম/প্রতিষ্ঠান ও পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | নাম: মোঃ তারেক ভূঁইয়া<br>M/S Tarek Enterprise<br>ছাতুরা | [illegible] |
| ২। | মেসার্স রিমান এন্টারপ্রাইজ.<br>প্রোপাইটর- রাজু সরকার<br>ছাতুরা সদর ব্রাহ্মণবাড়িয়া, | রাজু সরকার |
| ৩। | মেসার্স মধুর ট্রেডার্স<br>২৩ মসজিদ রোড বি,বাড়ীয়া | [illegible] |
| ৪। | মেসার্স মো: আমিনুল ইসলাম<br>কাজীপাড়া, বি,বাড়িয়া | [illegible] |
| ৫। | মোহাম্মদ আলী<br>প্রো: মেসার্স আনোয়ার স্টোর এন্টারপ্রাইজ | মোহাম্মদ আলী |
| ৬। | মেসার্স মামুন এন্টারপ্রাইজ<br>কাজী হাবিবুল্লাহ মামুন<br>ছাতুরা, ব্রাহ্মণবাড়িয়া | [illegible] |
| ৭। | মোহাম্মদ মনিরুল আলম<br>মেসার্স এম. আলম ইঞ্জিনিয়ার্স<br>মাল বাড়ীয়া, ব্রাহ্মণ বাড়ীয়া. | [illegible] |
| ৮। | মেসার্স মাওয়াল [illegible] ট্রেডার্স<br>মো: মাওয়াল উদ্দিন | [illegible] |
| ৯। | মো: মোমিন মিয়া<br>মেসার্স ইউনাইটেড ডিলার্স | [illegible] |
| ১০। | মো: মোহাম্মদ হোসেন<br>মেসার্স [illegible] | [illegible] |


Rageb Hassnain,...
Rageb Hassnain, M(PRS), BGFCL & N...
Burhanuddin, DGM, RPGCL
Engr. Deen Mohamamd, DGM (LNG)
Engr. Mostafa M...
Engr. Mostafa Mahin Soha...
Islam Robi (NM...
Islam Robi (NMCI)
Administration...
Administration Division
Manager (Meghna)
Mustafa Kamal,...
Mustafa Kamal, Member, NIS, BGFCL
Md. Zillur Rahm...
Md. Zillur Rahman, DGM(HR),SGCL.
Tarekul Islam
Tarekul Islam
MGMCL
MGMCL
Mir Mohammed...
Mir Mohammed Shafiul Al...
Engr. Md. Ziaul Kabir, DGM(B)
iPhone (7)
Ahasan Habib, Manger(Admin)PGCL
Md. Abu Nasim...
Md. Abu Nasim Bhuiyan
Engr. Md. Rafiqul Islam, M(...
Md. Helal Uddin, Manager...
Md.Rafiqul Islam
Search
15:20
20-May-24